বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স


সূত্র নংঃ ডিসিপি(পিআর) ০৫/২০২৫-৪৮৩ তারিখ : ১৫ অক্টোবর, ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

**প্রধান বার্তা সম্পাদক,**
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

## ‘দেশে বিপুল পরিমাণে জাল নোট অনুপ্রবেশ বিষয়ক গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন প্রসঙ্গে।’

সম্প্রতি facebook, বিভিন্ন Social Media Platform সহ দৈনিক পত্রিকায় বিপুল পরিমাণ নোট বাংলাদেশে প্রবেশ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এ ধরনের তথ্য জনসাধারণের মধ্যে উদ্বেগ ও বিভ্রান্তি সৃষ্টি করতে পারে। বাংলাদেশের প্রচলিত আইন অনুযায়ী জাল নোট তৈরী, বহন এবং লেনদেন করা সম্পূর্ণরূপে অবৈধ এবং শাস্তিযোগ্য অপরাধ। বাংলাদেশ ব্যাংক ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী জাল টাকার বিস্তার ও এর ক্ষতিকর দিক সম্পর্কে সম্পূর্ণ সচেতন এবং জাল টাকার প্রচলন রোধে নিয়মিতভাবে কার্যকর ব্যবস্থা গ্রহণে তৎপর। এ প্রেক্ষিতে নগদ লেনদেনে জনসাধারণকে অধিকতর সতর্কতা অবলম্বন এবং জাল নোট প্রচলন প্রতিরোধে নিম্নরূপ বিষয়াদি অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছেঃ

১. নোট গ্রহণের সময় নোটের নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহ যথা জলছাপ, অসমতল ছাপা, নিরাপত্তা সূতা, রং পরিবর্তনশীল কালি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ক্ষুদ্র লেখা ইত্যাদি যথাযথভাবে যাচাই করা;

২. বড় অংকের লেনদেন ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে সম্পাদন করা;

৩. নগদ লেনদেনে যথাসম্ভব ডিজিটাল পদ্ধতি ব্যবহার করা; এবং

৪. সন্দেহজনক নোট পেলে বা এ সংক্রান্ত কোনো তথ্য অবগত হলে অবিলম্বে নিকটস্থ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সরাসরি অথবা জাতীয় জরুরী সেবা ৯৯৯ নম্বরে যোগাযোগ করা।

আসল নোট চিনুন-নিরাপদ লেনদেন নিশ্চিত করুন। আসল নোটের বৈশিষ্ট্য সম্পর্কে জানতে ভিজিট করুন: **https://www.bb.org.bd/en/index.php/currency/note**। তাছাড়া, প্রতিটি ব্যাংক শাখায় আসল নোটের বৈশিষ্ট্য সম্পর্কে এক্স-ব্যানার/পোস্টার টানানো রয়েছে।

**জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।**

**ধন্যবাদান্তে,**


**(সাঈদা খানম)**
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০৩০০
E-mail: sayeda.khanam@bb.org.bd